

সারাদেশ

তিতাস নদীর তীরে অবৈধ দখল উচ্ছেদ অভিযান, চার দোকান গুঁড়িয়ে দিল জেলা প্রশাসন



প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার তিতাস নদীর তীরবর্তী এলাকায় কৃষিজমি ও জলাশয় ভরাট করে গড়ে তোলা অবৈধ স্থাপনার বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা করেছে জেলা প্রশাসন। অভিযানে চারটি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়েছে। পাশাপাশি সড়কে অবৈধভাবে যানবাহন পার্কিংয়ের দায়ে দুই ব্যক্তিকে মোট এক হাজার টাকা জরিমানা করা হয়েছে।

শনিবার (১৮ জুলাই) সকাল ১১টার দিকে ব্রাহ্মণবাড়িয়া-সীমানা সড়কসংলগ্ন তিতাস নদীর তীরবর্তী এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাসরিন। এ সময় জেলা প্রশাসকের কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রিন্স সরকার, শাহরিয়া হাসান খান ও মো. আতাউর রহমান উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসন সূত্রে জানা যায়, কৃষিজমি ও জলাশয় ভরাট করে অবৈধভাবে নির্মিত কয়েকটি দোকান ও স্থাপনা উচ্ছেদ করা হয়। একই সঙ্গে সড়কে অবৈধভাবে যানবাহন পার্কিং করার দায়ে দুই ব্যক্তিকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মোট এক হাজার টাকা জরিমানা করা হয়।

এ ছাড়া দখল করে স্থাপনা নির্মাণকারী কয়েকজন দোকান ও জমির মালিককে বৈধ মালিকানার কাগজপত্র এবং প্রয়োজনীয় অনুমোদন নিয়ে ভূমি অফিসে উপস্থিত হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন করতে ব্যর্থ হলে তাদের স্থাপনাও উচ্ছেদ করা হবে বলে জানানো হয়েছে।

সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাসরিন বলেন, প্রাথমিকভাবে চারটি অবৈধ দোকান উচ্ছেদ করা হয়েছে। তিতাস নদী, কৃষিজমি ও জলাশয় রক্ষায় অবৈধ দখলের বিরুদ্ধে জেলা প্রশাসনের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

এ বিভাগের আরও খবর



রাইজের ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাইজের ইয়াবাসক্ত ছেলের অভ্যচার ও হত্যার ছমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি হিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেস্তা কক্ষ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেস্তা কক্ষ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/titas-ndir-tire-oboidh-dkhl-uchchhed-obhijan-char-dokan-gunriye-dil-jela-prshasn>